# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়ামের সমতুল্য আর কোন নফল আমল নেই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّوْمَ لَا يَعْدِلُهُ شيءٌ من الطاعات

আরবী

3417 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ بِحَرَّانَ حَدَّثَنَا بُنْدَارٌ حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي يَعْقُوبَ قَالَ: سَمِعْتُ أَبَا نَصْرٍ الْهِلَالِيَّ عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ عَنْ أَبِي أُمَامَةَ قال: قلت: يارسول اللَّهِ دُلَّنِي عَلَى عَمَلٍ قَالَ: (عَلَيْكَ بِالصَّوْمِ فإنه لا عدل له)
الراوي : أَبُو أُمَامَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3417 | خلاصة حكم المحدث: صحيح – ((التعليق على المختارة)))) تحت الحديث (21).
قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو نَصْرٍ هَذَا: هُوَ حُمَيْدُ بْنُ هِلَالٍ وَلَسْتُ أُنْكِرُ أَنْ يَكُونَ مُحَمَّدُ بْنُ أَبِي يَعْقُوبَ سَمِعَ هَذَا الْخَبَرَ بِطُولِهِ عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ وَسَمِعَ بَعْضَهُ عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

৩৪১৭. আবূ উমামাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে একটি আমলের সন্ধান দিন।” তখন তিনি বলেন, “তুমি সিয়াম পালন করো। কেননা এর সমতুল্য কোন আমল নেই।”

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের একজন রাবী আবূ নাসর হলেন হুমাইদ বিন হিলাল। আমি এটা অস্বীকার করি না যে, মুহাম্মাদ বিন আবূ ইয়াকুব এই দীর্ঘ হাদীসটি রাজা বিন হাইওয়াহ থেকে শ্রবণ করেছেন। এবং হাদীসটির কিছু অংশ হুমাইদ বিন হিলাল থেকে শ্রবণ করেছেন। কাজেই দুটি সনদই মাহফূয তথা সহীহ।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৯৩; হাকিম: ১/৪২১; নাসাঈ: ৪/১৬৫-১৬৬)

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদ সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৪১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92751

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন